# ♣ উত্তরপত্র

প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা - ২০১৫ (৩য় ধাপ)

**Total questions : 80 Total marks : 80**

---

1) আফতাব' শব্দের সমার্থক কোনটি?

1)
অর্নব

2)
রাতুল

✔ 3)
অর্ক

4)
জলধি

**ব্যাখ্যা :** সমুদ্র শব্দের সমার্থক শব্দ হলোঃ সাগর, রত্নকার, সিন্ধু, বারিধি, বারীশ, উদধি, অর্ণব, অম্বধি, পারাপার, পাথর, অর্ণব ইত্যাদিভ আর লাল = রাতুল। সূর্য শব্দের সমার্থক শব্দ হলোঃ অর্ক, আদিত্য, তপন, দিবাকর, দিনকর, ভাস্কর, ভানু, রবি, সবিতা, দিনেশ, কিরণমালী, বিভাকর, বিভাবসু, মিহির, আফতাব, প্রভাকর, সুর, অরুণ।

Hello BCS

2) Choose the correct sentence:

1)
The matter has informed to to the police

2)
The matter was informed to the police

✔ 3)
The police were informed of the matter

4)
The police was informed of the matter

**ব্যাখ্যা :** The correct sentence is - the police were informed of the matter. Inform verb দ্বারা গঠিত active sentence টির নিয়ম হলো - inform - sb - of/ about sth . যেমন : he informed the police of the matter. ঠিক এই বাক্যটিকে passive করতে হলে the police কেই sub হিসেবে নিতে হবে।

3) Choose the correct sentence -

✔ 1)
He was hanged for murder

2)
He has been hunged for murder

3)
He had been hunged for murder

4)
He have been hunged for murder

**ব্যাখ্যা :** the correct sentence is - He was hanged for murder.
ফাঁকি দেওয়া অর্থে 'Hang' verb এর past ও past participle form হয় 'hanged' এবং এর পর 'for' preposition বসে। সুতরাং 'He was hanged for murder' সঠিক।

4) গুণহীনে ত্যাগ কর। বাক্যে 'গুণহীনে' কোন কারকে কোন বিভক্তি?

1)
অপাদানে সপ্তমী

✔ 2)
কর্মে সপ্তমী

3)
অধিকরণে সপ্তমী

4)
সম্প্রদানে সপ্তমী

**ব্যাখ্যা :** গুণহীনে ত্যাগ কর। - বাক্যে ”গুণহীনে” কর্ম কারকে সপ্তমী বিভক্তি।
যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্মকারক বলে।
কর্ম দুই প্রকার : মুখ্য কর্ম ও গৌণ কর্ম। যেমন : ছেলেটিকে বিছানায় শোয়াও। গুনহীনে ত্যাগ করো।

5) 'অর্ঘ্য' শব্দের অর্থ কি?

✔ 1)
পূজার উপকরণ

2)
পূজার বাদ্য

Hello BCS

3)
পূজার মণ্ডপ

4)
পূজার আধার

**ব্যাখ্যা :** অর্ঘ্য ১. /বিশেষ্য পদ/ পূজার উপকরণ। ২. /বিশেষণ পদ/ পূজ্য, উপাস্য।

6) 'বাগধারা' কোথায় আলোচিত হয়?

1)
শব্দতত্ত্বে

✔ 2)
বাক্যতত্ত্বে

3)
ধ্বনিতত্ত্বে

4)
রূপতত্ত্বে

**ব্যাখ্যা :** "বাগধারা" বাক্যতত্ত্বে আলোচিত হয়।
ব্যাকরণের প্রধান ও মৌলিক আলোচ্য বিষয় চারটি। যথা - ধ্বনিতত্ত্ব, শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব বাক্যতত্ত্ব ও অর্থতত্ত্ব। বাক্যতত্ত্বের প্রধান আলোচ্য বিষয় বাগধারা, বিরাম বা যতি চিহ্ন, বাক্যের গঠন প্রণালী ইত্যাদি। রুপ তত্ত্বের প্রধান আলোচ্য বিষয় সমাস, কারক, ধাতু, লিঙ্গ, বচন, উপসর্গ, অনুসর্গ। ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয় সন্ধি, ণত্ব বিধান, ষত্ব বিধান, ধ্বনির স্বরূপ বিশ্লেষণ।

7) কোন বানানটি শুদ্ধ?

1)
মন্ত্রিপরিসদ

✔ 2)
মন্ত্রিপরিষদ

3)
মন্ত্রিপরিশদ

4)
মন্ত্রীপরিষদ

Hello BCS

**ব্যাখ্যা :** প্রদত্ত বানান গুলোর মধ্যে মন্ত্রিপরিষদ বানানটি শুদ্ধ।
এছাড়াও আরো কিছু শুদ্ধ বানান হলো : মনিষী - মনীষী, মন্ত্রনালয় - মন্ত্রণালয়, ঐক্যতান - ঐকতান, উপচার্য - উপাচার্য, উপরোক্ত - উপরিউক্ত, উপলক্ষ্য - উপলক্ষ।

8) 'Diamond cuts Diamonds' এর অনুবাদ কোনটি?

1) সঙ্গদোষে নষ্ট

2) সৎসঙ্গে স্বর্গবাস

3) সঙ্গ দেখে লোক চেনা যায়

✔ 4) মানিকে মানিক চেনে

**ব্যাখ্যা :** Diamond cuts Diamonds - এর অনুবাদ মানিকে মানিক চেনে।
Diamond cuts Diamonds - একটি proverb যার সঠিক বাংলা অর্থ হচ্ছে - মানিকে মানিক চেনে।

Hello BCS

9) 'গম্ভীর ধ্বনি' এর বাক্য সংকোচন কি হবে?

✔ 1) মন্দ্র

2) মর্মন্তুদ

3) মধুপ

4) মন্ত্র

**ব্যাখ্যা :** "গম্ভীর ধ্বনী" এর বাক্যসংকোচন হলো মন্দ্র।
অন্যদিকে 'মন্ত্র' শব্দের অর্থ - হিন্দুদের দেব পূজা প্রভৃতি তে ব্যবহৃত পবিত্র বাক্য বা শব্দ (বিবাহের মন্ত্র, সাপের মন্ত্র ইত্যাদি)।

10) 'নানান দেশের নানান ভাষা, বিনে স্বদেশী ভাষা পুরে কি আশা?" পঙক্তিটির রচয়িতা কে?

1)

শেখ ফজলল করিম

2)
আবদুল হাকিম

3)
অতুলপ্রসাদ সেন

✔ 4)
রামনিধি গুপ্ত

**ব্যাখ্যা :** ”নানান দেশের নানান ভাষা বিনে স্বদেশী ভাষা, পুরে কি আশা” - পঙক্তিটির রচয়িতা রামনিধি গুপ্ত। অন্যদিকে আব্দুল হাকিম অতুলপ্রসাদ সেন ও শেখ ফজলুল করিমের বিখ্যাত উক্তি হল যথাক্রমে "দেশী ভাষা বিদ্যা যার মনে ন জুয়ায়/ নিজ দেশ তেয়াগী কেন বিদেশ ন যায়", "মোদের গরব মোদের আশা / আ মরি বাংলা ভাষা", ও "সুন্দর হে দাও দাও সুন্দর জীবন / হোক দূর অকল্যাণ সকল অশোভন"।

11) প্রকৃতি বলতে কি বুঝায়?

1)
প্রত্যয়যুক্ত শব্দ

2)
শব্দের মূল

✔ 3)
শব্দ ও ধাতুর মূল

4)
ধাতুর মূল

**ব্যাখ্যা :** ”প্রকৃতি” বলতে শব্দ ও ধাতুর মূল বুঝায় ।
প্রকৃতি মূলত দুই প্রকার। যথা : নাম প্রকৃতি ও ক্রিয়া প্রকৃতি।

12) তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি। কোন ধরনের বাক্য?

1)
মিশ্রবাক্য

2)
সরল বাক্য

3)

Hello BCS

জটিল বাক্য

✔ 4)
যৌগিক বাক্য

**ব্যাখ্যা :** তার বয়স বেড়েছে, কিন্তু বুদ্ধি বাড়েনি। এটি একটি যৌগিক বাক্য।
যৌগিক বাক্যঃ পরস্পর নিরপেক্ষ দুই বা দুয়ের অধিক বাক্য যখন কোনো সংযোজক অব্যয় দ্বারা যুক্ত হয়ে একটি সম্পূর্ণ বাক্য তৈরি করে, তখন তাকে যৌগিক বাক্য বলে। যেমন - সে দরিদ্র, কিন্তু সুখী।

13) 'উচাটন' এর বিপরীত শব্দ কোনটি?

✔ 1)
প্রশান্ত

2)
উঁচুনিচু

3)
উত্তাল

4)
ঊর্ধ্বটান

**ব্যাখ্যা :** প্রদত্ত শব্দ = বিপরীত শব্দ
উচাটন = প্রশান্ত
উত্তপ্ত = শীতল
চাক্ষুষ = অগোচর
চপল = গম্ভীর
দুর্দান্ত = নিরীহ

14) 'মহাপৃথিবী' কাব্যগ্রন্থ কার লেখা?

1)
ফররুখ আহমদ

✔ 2)
জীবনানন্দ দাশ

3)
গোলাম মোস্তফা

4)

Hello BCS

জসীমউদ্দীন

**ব্যাখ্যা :** ”মহা পৃথিবী” কাব্যগ্রন্থ জীবনানন্দ দাশের লেখা।
জীবনানন্দ দাশ (১৭ ফেব্রুয়ারি, ১৮৯৯ - ২২ অক্টোবর, ১৯৫৪ ; ৬ ফাল্গুন, ১৩০৫ - ৫ কার্তিক, ১৩৬১ বঙ্গাব্দ) ছিলেন বিংশ শতাব্দীর অন্যতম প্রধান আধুনিক বাঙালি কবি, লেখক ও প্রাবন্ধিক। তিনি বাংলা কাব্যে আধুনিকতার পথিকৃতদের মধ্যে অন্যতম। গ্রামবাংলার ঐতিহ্যময় নিসর্গ ও রূপকথা - পুরাণের জগৎ জীবনানন্দের কাব্যে হয়ে উঠেছে চিত্ররূপময়, তাতে তিনি ‘রূপসী বাংলার কবি’ অভিধায় খ্যাত হয়েছেন। জীবনানন্দ দাশের বিখ্যাত কাব্যগ্রন্থগুলোর মাঝে রয়েছে রূপসী বাংলা, বনলতা সেন, মহাপৃথিবী, বেলা অবেলা কালবেলা, শ্রেষ্ঠ কবিতা ইত্যাদি।

15) বাংলা ভাষায় যতিচিহ্ন প্রচলন করেন কে?

1)
দীনবন্ধু মিত্র

2)
কালী প্রসন্ন সিংহ

3)
রাজা রামমোহন রায়

✔ 4)
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

**ব্যাখ্যা :** বাংলা ভাষায় যতি চিহ্ন প্রচলন করেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (২৬ সেপ্টেম্বর ১৮২০ – ২৯ জুলাই ১৮৯১) উনবিংশ শতকের একজন বিশিষ্ট বাঙালি শিক্ষাবিদ, সমাজ সংস্কারক ও গদ্যকার। তাঁর প্রকৃত নাম ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায়। সংস্কৃত ভাষা ও সাহিত্যে অগাধ পাণ্ডিত্যের জন্য প্রথম জীবনেই তিনি বিদ্যাসাগর উপাধি লাভ করেন। তার প্রথম প্রকাশিত গ্রন্থ বেতাল পঞ্চবিংশতি। এ গ্রন্থে তিনি জ্যোতিবা বিরাম চিহ্নের সফল ব্যবহার করেন।

16) কেনটি সন্ধিজাত শব্দ?

1)
মিনতি

2)
ফাল্গুন

✔ 3)
উন্মনা

4)

Hello BCS

দখিনা হাওয়া

**ব্যাখ্যা :** উন্মনা হচ্ছে সন্ধিজাত শব্দ।
প্রদত্ত অপশনে সন্ধিজাত শব্দ হলো উন্মনা। উন্মনা শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ হচ্ছে : উৎ + মনস্' ।

17) 'ঈষৎ পাংশুবর্ণ' এর বাক্য সংকোচন -

✔ 1)
কয়রা

2)
ধূসর

3)
আরক্ত

4)
পীত

**ব্যাখ্যা :** ঈষৎ পাংশুবর্ণ - এর বাক্য সংকোচন - - কয়রা।
ঈষৎ পাংশুবর্ণ = কয়রা।
ঈষৎ পান্ডুবর্ণ = ধূসর।
ঈষৎ রক্তবর্ণ = আরক্ত।

18) 'দ্যুলোক' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?

1)
দুঃ+লোক

✔ 2)
দিব্ + লোক

3)
দ্বি + লোক

4)
দ্বি : + লোক

**ব্যাখ্যা :** "দ্যুলোক" শব্দের যথার্থ সন্ধি বিচ্ছেদ হচ্ছে দিব্ + লোক।
নিপাতনে সিদ্ধ ব্যঞ্জন সন্ধি 'দ্যুলোক' এর যথার্থ সন্ধি বিচ্ছেদ হল : দিব্ + লোক। আরো কয়েকটি নিপাতনে সিদ্ধ ব্যঞ্জন সন্ধি হল : এক্ + দশ = একাদশ, ষট্ + দশ = ষোড়শ, মনস্ + ঈশা = মনীষা, বৃহৎ + পতি = বৃহস্পতি,

Hello BCS

গো + পদ = গোষ্পদ, দিব্ + লোক = দ্যুলোক, বন্ + পতি = বনস্পতি, পর্ + পর = পরস্পর, আ + চর্য = আশ্চর্য, তৎ + কর = তস্কর

19) 'অক্টোপাস' উপন্যাসের লেখক কে?

✔ 1)
শামসুর রাহমান

2)
আল মাহমুদ

3)
আবুল হাসান

4)
বেগম সুফিয়া কামাল

**ব্যাখ্যা :** ”অক্টোপাস” উপন্যাসের লেখক শামসুর রাহমান।
তার মোট ৪টি উপন্যাস রয়েছে। উপন্যাস - ৪টি হলো : ‘অক্টোপাস’ (১৯৮৩), ’অদ্ভুত আঁধার এক’ (১৯৮৫), ‘নিয়ত মন্তাজ’ (১৯৮৫), ‘এলো সে অবেলায়’ (১৯৯৪)।

Hello BCS

20) 'কর্বুর' শব্দের অর্থ কি?

1)
গন্ধদ্রব্য বিশেষ

2)
রাসায়নিক পদার্থ

3)
করণীয়

✔ 4)
রাক্ষস

**ব্যাখ্যা :** ”কর্বুর” শব্দের অর্থ - - রাক্ষস।
বাংলা একাডেমী ব্যবহারিক বাংলা অভিধান অনুযায়ী 'কবুর' শব্দের কোন অর্থ নেই। তবে 'কবুর' এর স্থলে 'কর্বুর' হলে সঠিক উত্তর হবে রাক্ষস।

21) 'ভূষণ্ডীর কাক' বাগধারাটির অর্থ কি?

1)

অনভিজ্ঞ ব্যক্তি

2)
ভূষণ্ডি নামক স্থানের নাম

3)
বিশেষ জাতের কাক

✔ 4)
দীর্ঘকালের অভিজ্ঞ ব্যক্তি

**ব্যাখ্যা :** "ভূষন্তীর কাক" বাগধারাটির অর্থ - - - দীর্ঘকালের অভিজ্ঞ ব্যক্তি।
বাগধারা শব্দের আভিধানিক অর্থ কথার বচন ভঙ্গি বা ভাব বা কথার ঢং। বাক্য বা বাক্যাংশের বিশেষ প্রকাশভঙ্গিকে বলা হয় বাগধারা। বিশেষ প্রসঙ্গে শব্দের বিশিষ্টার্থক প্রয়োগের ফলে বাংলায় বহু বাগধারা তৈরী হয়েছে।
আরো কিছু বাগধারা হলো : অল্পবিদ্যা ভয়ঙ্করী - সামান্য বিদ্যার অহঙ্কার, ইঁদুর কপালে - নিতান্ত মন্দ ভাগ্য।

22) উপসর্গের কাজ কি?

✔ 1)
নতুন শব্দ গঠন

2)
ভাবের পার্থক্য নিরূপণ

3)
অর্থ পরিবর্তন

4)
বর্ণ সংস্করণ

**ব্যাখ্যা :** উপসর্গের কাজ হচ্ছে নতুন শব্দ গঠন করা।
বাংলা ভাষায় উপসর্গ মূলত তিন প্রকার। যথা : খাঁটি বাংলা উপসর্গ, তৎসম বা সংস্কৃত উপসর্গ, বিদেশি উপসর্গ। এরমধ্যে খাঁটি বাংলা উপসর্গ ২১ টি এবং সংস্কৃত উপসর্গ ২০ টি ও বিদেশি উপসর্গ ১৯ টি।

23) The book 'Man and Superman' is written by-

1)
Lord Byron

2)
Charles Dickens

Hello BCS

✔ 3)
Bernard Shaw

4)
Monika ALI

ব্যাখ্যা : The book "Man and Superman" is written by - - Bernard Shaw.
George Bernard Shaw ( 26 July 1856 – 2 November 1950), known at his insistence simply as Bernard Shaw, was an Irish playwright, critic, polemicist and political activist. His influence on Western theatre, culture and politics extended from the 1880s to his death and beyond.
He wrote more than sixty plays, including major works such as Man and Superman (1902), Pygmalion (1912) and Saint Joan (1923). With a range incorporating both contemporary satire and historical allegory, Shaw became the leading dramatist of his generation, and in 1925 was awarded the Nobel Prize in Literature.

24) Which pair contains words opposed to each other?

1)
hope, dream

2)
False, fake

3)
Honesty, sincerity

✔ 4)
Innocence, experience

ব্যাখ্যা : The pair contains words opposed to each other is - innocence, experience.
innocence শব্দটির অর্থ : নিরীহতা, সরলতা, নির্মলতা, নিরীহতা, অনপরাধ, অনবদ্যতা, পাপশূন্যতা, পবিত্রতা।
experience শব্দটির অর্থ : অভিজ্ঞতা, পরিচয়, পক্বত্ব, শেখা, অভিজ্ঞতা, অনুভব, জ্ঞান, পারদর্শিতা, বিচক্ষণতা, অভিজ্ঞতা লব্ধ বস্তু।
তাই innocence, experience শব্দটির দুটি বিপরীতার্থক।

25) 'Please, bring me a cup of tea' what kind of sentence is this?

✔ 1)

Hello BCS

Imperative

2)
Assertive

3)
Optative

4)
Interrogative

ব্যাখ্যা : Please bring me a cup of tea. The sentence is impreative.
প্রশ্নোক্ত বাক্যটিতে 'Please' শব্দটি দ্বারা অনুরোধ বোঝাচ্ছে। আর যে বাক্য আদেশ, নিষেধ, উপদেশ, অনুরোধ ইত্যাদি প্রকাশ করে তাকে imperative sentence বলে। সুতরাং এটি একটি imperative sentence.

26) Which one is correct?

✔ 1)
Committee

2)
Resturant

3)
Leiutenant

4)
Descipline

ব্যাখ্যা : প্রশ্নের প্রদত্ত অপশন গুলোর মধ্যে Committee শব্দের বানান সঠিক। যার অর্থ সমিতি।

27) Degree : Temperature-

1)
Fathom: volume

2)
Mass: energy

3)
Time: length

Hello BCS

✔ 4)
Ounce: weight

ব্যাখ্যা : Degree : Temperature - - - Ounce : Weight.
Temperature (তাপমাত্রা) মাপার একক হচ্ছে degree, আর weight (ওজন) মাপার একক হচ্ছেন ounce ।

28) A person leaves his or her country to settle in another country-

1)
Foreigner

2)
Traveler

✔ 3)
Emigrant

4)
Immigrant

ব্যাখ্যা : The movement of people from one place to another with the intention of settling, permanently in the new location is called migration. Migration includes immigration and emigration. People coming into your country from another country for the purpose of taking up residence is called immigration and the people are called immigrants. The process in which a person leaves his own country in order to settle permanently in another is called emigration. And the person is called an immigrant.

29) He is a better worker than I. Here 'better' is-

1)
Verb

2)
Noun

✔ 3)
adjective

4)
Adverb

Hello BCS

**ব্যাখ্যা :** He is a better worker than I. বাক্যটিতে Better হলো Adjective.
প্রশ্নোক্ত বাক্যে 'better' শব্দটি worker শব্দটিকে quality করেছে এবং এটি good এর comparative রূপ। সুতরাং বৈশিষ্ট্যগত ও অর্থগত দিক থেকে 'better' শব্দটি Adjective.

30) 'Proclaim' means -

1) Circulate

2) Announce

3) Pronounce

✔ 4) Declare

**ব্যাখ্যা :** "Proclaim" means : declare.
Proclaim শব্দটির অর্থ : বলুন, প্রচার করা, প্রচারিত করা, প্রদর্শন করা, উচ্চকণ্ঠে জাহির করা, ইস্তাহার দেওয়া, জনসাধারণ্যে বা ব্যাপকভাবে প্রচার করা, সরকারিভাবে ঘোষণা করা।
declare শব্দটির অর্থ : ঘোষণা, ঘোষণা করা, ঘোষণা করা, নিজের আয় ইত্যাদি সম্পর্কে বিবৃতি দেওয়া, ডিক্লেয়ার করা, রঙ দেখান, ধরা।

Hello BCS

31) Choose the correct sentence-

1) Death is preferable than dishonour.

2) Death is preferable then dishonor

3) Death is more preferable then dishonor.

✔ 4) Death is preferable to dishonor.

**ব্যাখ্যা :** the correct sentence - - Death is preferable to dishonor.
Preferable - শব্দটি একটি comparative word বিধায় এর পূর্বে 'more' ব্যবহৃত হয় না এবং কোন কিছুর সাথে তুলনা করতে 'then' এর স্থলে 'to' বসে।

32) Antonym of 'Tedious' is-

1)
Boring

2)
Monotonous

3)
Tiresome

✔ 4)
Refreshing

**ব্যাখ্যা :** Antonym of "tedious" is : refreshing.
tedious শব্দটির অর্থ : দুরূহ, বিরক্তিকর, ক্লান্তিকর, ক্লান্তিজনক।
refreshing শব্দটির অর্থ : সতেজকারক, সঞ্জীবনী, সতেজকারক, ক্লান্তিহর, চাঙ্গায়নী, অবসাদ দূর করে এমন।
সুতরাং অর্থগত দিক থেকে tedious এর antonym হচ্ছে refreshing.

Hello BCS

33) The right Bangla translation of ''He came off with flying colours''

✔ 1)
তিনি গৌরবময় সাফল্য অর্জন করেন

2)
তিনি উড়ন্ত রং নিয়ে এসেছিলেন

3)
বিজয়ের গৌরব নিয়ে তিনি উড়ে এসেছিলেন

4)
তিনি রং ছিটাতে ছিটাতে এসেছিলেন

**ব্যাখ্যা :** "He came off with flying colours" বাক্যটির সঠিক বাংলা অনুবাদ হচ্ছে - তিনি গৌরবময় সাফল্য অর্জন করেন।
Come off with flying colours - এর অর্থ বিজয়ী হওয়া সাফল্য অর্জন করা। সুতরাং phrase meaning হিসেবে (ক) 'তিনি গৌরবময় সাফল্য অর্জন করেন' এটাই সঠিক।

34) Which one is the correct form "Who gave you this pen"?

1)
By whom have you been given this pen?

2)
By whom was you given this pen?

3)
By Whom were you got this pen?

✔ 4)
By whom were you given this pen?

**ব্যাখ্যা :** The correct form of "Who gave you this pen"? is - By whom were you given this pen?
Interrogative active sentence 'who' দ্বারা শুরু হলে passive করার সময় তা By whom হয়ে যায় এবং এর পরে auxiliary verb + subject + verb এর past participle + extension ব্যবহৃত হয়। সুতরাং নিয়মানুযায়ী, By whom were you given this pen? সঠিক।

35) সে এমনভাবে কথা বলে মনে হয় সব জানে। এর সঠিক ইংরেজি বাক্য কোনটি?

1)
He talks like he knows everything.

✔ 2)
He talks as if he knew everything.

3)
He talks after knowing everything.

4)
He talks knowing everything

**ব্যাখ্যা :** ”সে এমনভাবে কথা বলে মনে হয় সব জানে” বাক্যটির সঠিক ইংরেজি হচ্ছে - He talks as if he knew everything

36) He said, "I have been working since sunrise." (Indirect speech).

✔ 1)
He said he had been working since sunrise.

2)
He said that he has worked for sunrise.

3)
He said that he has been working since sunrise.

Hello BCS

4)
none of these.

ব্যাখ্যা : He said, "I have been working since sunrise" indirect speech is - He said that he had been working since sunrise.
প্রশ্নোক্ত বাক্যটি Indirect করতে he said + that + I কে he + present perfect continuous কে past perfect continuous এ রূপান্তর করতে হবে। তাই নিয়ম অনুযায়ী (ক) option ই সঠিক।

37) The word 'Reproduction' is-

1)
Adjective

2)
Verb

✔ 3)
Noun

4)
Adverb

ব্যাখ্যা : The word"reproduction" is - - - a noun.
Reproduction শব্দটির suffix 'tion' ই ইঙ্গিত করেছে যে এটি noun । এছাড়া অর্থগত দিক থেকেও reproduction noun - যার অর্থ পুনরুৎপাদন, জন্মদান।

38) Fill in the blank: Between...... this is the greatest book I've ever read.

✔ 1)
You and me

2)
I and you.

3)
You' re and I'am

4)
You and I

ব্যাখ্যা : Between, - this is the greatest book I've ever read. বাক্যের শূন্যস্থানে হবে you and me.

Hello BCS

Between ও among এরপরে pronoun আসলে তার objective রূপ ব্যবহার হয়। যেমন - between you and me, among us ইত্যাদি।

39) Fill in the blank : Frustration results...... violence.

1)
at

2)
with

3)
of

✔ 4)
in

**ব্যাখ্যা :** Frustration results - - - - violence. বাক্যের শূন্যস্থানে in বসবে। কোন কিছুর পরিণতিতে বা ফল স্বরূপ অন্য কিছু হওয়া অর্থ result in ব্যবহৃত হয়।

40) 'অন্যের দোষ ধরা সহজ' এর ইংরেজি হলো-

1)
It is easy to find out faults of others.

✔ 2)
It is easy to find fault with others.

3)
It is easy to find out faults with others.

4)
none of these.

**ব্যাখ্যা :** অন্যের দোষ ধরা সহজ - এর ইংরেজি হলো - - It is easy to Find Fault with others. অন্যের দোষ ধরা অর্থে 'To find fault with others' phrase টি ব্যবহৃত হয়। সুতরাং অন্যের দোষ ধরা সহজ - এর ইংরেজি হলো - It is easy to Find Fault with others.

41) $F(x) = (x-1)^2$ হলে, F (5) কত?

1)
36

Hello BCS

✔ 2)
16

3)
35

4)
28

**ব্যাখ্যা :** $F(x) = (x-1)^2$
$F(5) = (5-1)^2$
$= 4^2$
$=16$

42) ৫৩৫ টাকায় একটি জামা বিক্রি করে শতকরা ৭ ভাগ লাভ হয়। জামাটি কত টাকায় বিক্রি করলে শতকরা ২০ ভাগ ক্ষতি হবে?

1)
৫০০ টাকা

2)
৫৫০ টাকা

3)
৪৫০ টাকা

✔ 4)
৪০০ টাকা

Hello BCS

**ব্যাখ্যা :** ৭% লাভে বিক্রয়মূল্য (১০০ + ৭) বা ১০৭ টাকা হলে
২০% ক্ষতিতে বিক্রয়মূল্য (১০০ - ২০) বা ৮০ টাকা
৭% লাভে বিক্রয়মূল্য ৫৩৫ টাকা হলে
২০% ক্ষতিতে বিক্রয়মূল্য (৮০ x ৫৩৫) / ১০৭ = ৪০০ টাকা

43) খোকন ও মন্টুর আয়ের অনুপাত ৯ :৪ । খোকনের আয় ৯০ টাকা হলে মন্টুর আয় কত?

1)
৪৮

2)
৬৫

✔ 3)
৪০

4)
৬০

**ব্যাখ্যা :** দেয়া আছে,
খোকন ও মন্টুর আয়ের অনুপাত ৯ : ৪ । খোকনের আয় ৯০ টাকা ।
ধরি, মন্টুর আয় = 'ক' টাকা
প্রস্নমতে,
৯০/ক = ৯/৪
বা, ক = (৯০*৪)/৯
বা, ক = ৪০
সুতরাং, মন্টুর আয় = ৪০ টাকা ।

44) $p^m$ বলতে কি বুঝায়?

1)
p কে m এর সূচক

✔ 2)
m কে p এর সূচক

3)
p, m এর লগ

4)
p কে m এর ভিত্তি

**ব্যাখ্যা :** $p^m$ কে p এর সূচক m ( p to the power m) - এভাবে বলা যায়। m সংখ্যক p এর গুণফলকে $p^m$ লেখা হয়। যেমন, ২x২x২x২x২x২ = ২^৬। আর $\log p^m$ থাকলে p কে log এর ভিত্তি বলা হয়।

45) a+b = 11, a-b = 7 হলে ab = কত?

1)
15

2)
16

3)
12

Hello BCS

✔ 4)
18

**ব্যাখ্যা :** দেওয়া আছে,

a + b = 11 এবং a - b = 7

আমরা জানি,

$ab = (a + b/2)^2 - (a - b/2)^2$

$= (11/2)^2 - (7/2)^2$

= 121/4 - 49/4

= 121 - 49/4

= 72/4

= 18

46) ক, খ ও গ একত্রে ব্যবসা করে ১২০০ টাকা লাভ করে। যদি ক, খ ও গ এর মূলধনের অনুপাত ৩ :৪ :৮ হয় তবে ক কত লভ্যাংশ পাবে?

✔ 1)
২৪০

2)
২৩০

3)
২৫০

4)
২২০

**ব্যাখ্যা :** ক, খ ও গ এর মূলধনের অনুপাত ৩ :৪ :৮ হয়।

ক ,খ,গ এর মূলধনের অনুপাতের যোগফল = (৩+ ৪ + ৮) = ১৫

সুতরাং, ক পাবে = (ক এর অনুপাত / অনুপাতদ্বয়ের সমষ্টি ) X মোট লাভ = (৩/১৫)X ১২০০ = ২৪০

47) ১, ৩, ৬, ১০, ১৫, ২১....... ধারাটির একাদশতম পদ কত?

✔ 1)
৬৬

2)
৫৫

3)
৪৬

Hello BCS

4)
৭৬

**ব্যাখ্যা :** এই ধারাটির সাধারণ ধর্ম হল, পদ গুলের পার্থক্য আগের পার্থক্যের চেয়ে ১ বেশি।
১, ৩ পদ পার্থক্য ২
৩,৬ পদ পার্থক্য ৩
৬,১০ পদ পার্থক্য ৪
এরকম করে লিখলে ধারাটি দাঁড়াবে,
১,৩,৬,১০,১৫,২১,২৮,৩৬,৪৫,৫৫,৬৬।

48) ১৫ জন লোকের কোন কাজের এক তৃতীয়াংশ করতে ২০ দিন লাগে, কত দিনে ২০ জন লোক পুরো কাজটি শেষ করতে পরবে?

1)
৪৫

2)
২০

3)
১৫

✔ 4)
৩০

Hello BCS

**ব্যাখ্যা :** ১৫ জনের পুরো কাজটি করতে লাগে ৩*২০ = ৬০ দিন
১৫ জনের লাগে = ৬০ দিন
১ জনের লাগে = ১৫*৬০
২০ জনের লাগে = ১৫*৬০/২০ = ৪৫ দিন

49) এক স্কুলে ড্রিল করার সময় ছাত্রদের ৮, ১০ বা ১৫ সারিতে সাজানো হয় ঐ স্কুলে ন্যূনতম কতজন ছাত্র রয়েছে?

1)
১৪০

2)
৯৬

3)
৮০

✔ 4)
১২০

**ব্যাখ্যা :** এখানে যেহেতু ন্যূনতম ছাত্র সংখ্যা চাওয়া হয়েছে, তাহলে একে ল.সা.গু. করতে হবে।
৫,৮ও১৫ এর ল.সা.গুঃ = ১২০।
সঠিক উত্তর হবে - ১২০।

50) ৫০০ টাকার ৪ বছরের সুদ এবং ৬০০ টাকার ৫ বছরের সুদ একত্রে ৫০০ টাকা হলে সুদের হার কত?

1)
৫%

2)
৬%

✔ 3)
১০%

4)
১২%

**ব্যাখ্যা :** ১ম ক্ষেত্রে, I= Pnr
=৫০০০×৪= ২০০০r
২য়,ক্ষেত্রে, I= pnr
=৬০০×৫= ৩০০০ r
প্রশ্নমতে, ২০০০r + ৩০০০r = ৫০০
৫০০০r = ৫০০
r= ৫০০×১০০/৫০০০= ১০%

Hello BCS

51) p>2 ও q>- 1 হলে নিচের কোনটি সবসময় সত্য হবে?

1)
pq > - 2

✔ 2)
-p < 2q

3)
pq < - 2

4)
-p > 2q

**ব্যাখ্যা :** P>২ তাহলে ধরি p = ১০
q> - ১ তাহলে ধরি q = −1/2
অপশন (ক) pq = ১০×(−১/২)=−৫
যা - ২ থেকে ছোট
অপশন (খ) তে, -১০, ২q=২*(−১/২)=-১
অর্থাৎ, -p < 2q

52) পরপর ২টি পূর্ণ সংখ্যা নির্ণয় করুন যাদের বর্গের পার্থক্য হবে ৫৩ ।

1)
২৭ এবং ২৮

✔ 2)
২৬ এবং ২৭

3)
২৮ এবং ২৯

4)
২৫ এবং ২৬

**ব্যাখ্যা :** মনে করি একটি সংখ্যা = ক
অপর সংখ্যা = ক + ১
প্রশ্নমতে, (ক + ১)$^{২}$ - ক$^{২}$ = ৫৩
বা, ক$^{২}$ + ২ক + ১ - ক$^{২}$ = ৫৩
বা, ২ক = ৫২
বা, ক = ২৬
সুতরাং একটি সংখ্যা ২৬,
অপর সংখ্যা ২৬ + ১ = ২৭
উত্তরঃ ২৬ ও ২৭

53) একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ১৬০০ বর্গমিটার। এর পরিসীমা কত?

1)
২০০

2)
১৭২

3)
১৮০

✔ 4)
১৬০

**ব্যাখ্যা :** বর্গক্ষেত্রের ক্ষেত্রের ক্ষেত্রফল = ১৬০০
তাই একবাহুর দৈর্ঘ্য = ৪০(বর্গমূল করে)
আবার, বর্গক্ষেত্রের পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ)
= ২*৮০
= ১৬০।

54) বৃত্তের যে কোন দুটি বিন্দুর সংযোজক রেখাংশ বৃত্তের একটি____

✔ 1)
জ্যা

2)
চাপ

3)
ব্যাসার্ধ

4)
ব্যাস

**ব্যাখ্যা :** জ্যা : বৃত্তচাপের শেষ প্রান্তের দুটি বিন্দুর সংযোজক রেখাংশকে জ্যা বলে।
বৃত্তচাপ : জ্যা দ্বারা বিভক্ত বৃত্তের প্রত্যেক অংশকে বৃত্তচাপ বলে।
ব্যাসার্ধ : বৃত্তের ব্যাসের অর্ধাংশকে ব্যাসার্ধ বলে।
ব্যাস : বৃত্তের কেন্দ্রগামী জ্যা বৃত্তের ব্যাস।

Hello BCS

55) কোন বছরে একটি গ্রামের লোকসংখ্যা ১৫% বাড়ে। বছরের শেষে লোকসংখ্যা ৬৯০০ হলে বছরের শুরুতে লোকসংখ্যা কত ছিল?

1)
৫৭০০ জন

2)
৫৫০০ জন

3)
৬৩০০ জন

✔ 4)
৬০০০ জন

**ব্যাখ্যা :** ধরি, বছরের শুরুতে লোকসংখ্যা ছিল = ১০০%
এক বছরে ১৫% বেড়ে বছরের শেষে লোকসংখ্যা হবে = (১০০ + ১৫)% = ১১৫%
প্রস্নমতে, গ্রামের লোকসংখ্যার ১১৫% = ৬৯০
সুতরাং, " " ১০০% = (৬৯০০/১৫৫)*১০০
= ৬০০০

56) স্ত্রী স্বামীর চেয়ে ৫ বছরের ছোট। স্ত্রীর বয়স ছেলের বয়সের ৪ গুণ। ৪ বছর পরে ছেলের বয়স হবে ১১ । বর্তমানে স্বামীর বয়স কত?

1)
৪৫

2)
৫২

✔ 3)
৩৩

4)
৪৮

**ব্যাখ্যা :** ৪ পরে ছেলের বয়স ১১ হলে ছেলের বর্তমান বয়স (১১ - ৪) = ৭
স্ত্রীর বয়স ছেলের বয়সের ৪ গুণ ৭×৪ = স্ত্রী স্বামী থেকে ৫ বছরের ছোট হলে স্বামীর বর্তমান বয়স হবে ২৮ + ৫ = ৩৩

57) কোনটি ক্ষুদ্রতম সংখ্যা?

✔ 1)
৪/২৭

2)
৭/৩৬

3)
১১/৪৫

4)
২/৯

**ব্যাখ্যা :** ৪/২৭ = ০.১৪৮১৫ [ এটি ক্ষুদ্রতম ]
৭/৩৬ = ০.১৯888

১১/৪৫ = ০.২৪৪৪৪
২/৯ = ০.২২২২২

58) ৬৫ ডিগ্রী পূরক কোণের পরিমাণ কত?

1)
১৩৫ ডিগ্রী

2)
১২৫ ডিগ্রী

✔ 3)
২৫ ডিগ্রি

4)
৩৫ ডিগ্রী

**ব্যাখ্যা :** if the sum of two angles is 90 degree, it is called complementary angle.
পূরক কোণ = ৯০$^{0}$-৬৫$^{0}$ = ২৫$^{0}$

59) ত্রিভুজের যে কোন দুটি মধ্যমা পরস্পর সমান হলে ত্রিভুজটি____

1)
সমকোণী ত্রিভুজ

2)
বিষমবাহু ত্রিভুজ

✔ 3)
সমদ্বিবাহু ত্রিভুজ

4)
সমবাহু ত্রিভুজ

**ব্যাখ্যা :** সমদ্বিবাহু ত্রিভুজ : - যে ত্রিভুজের দুটি বাহু সমান তাকে সমদ্বিবাহু ত্রিভুজ বলে। সমদ্বিবাহু ত্রিভুজের যে কোন দু'টি মাধ্যমা পরস্পর সমান
সমবাহু ত্রিভুজ. যে ত্রিভুজের তিনটি বাহুই পরস্পর সমান তাকে সমবাহু ত্রিভুজ বলে। সমবাহু ত্রিভুজের তিনটি মাধ্যমা পরস্পর সমান
বিষমবাহু ত্রিভুজ - যে ত্রিভুজের তিনটি বাহু পরস্পর অসমান তাকে বিষমবাহু ত্রিভুজ বলে ।
সমকোণী ত্রিভুজ (ইংরেজি : Right Triangle) বলতে এমন একটি ত্রিভুজকে বোঝায় যার যেকোনো একটি কোণ সমকোণ বা ৯০°।

Hello BCS

60) একটি ত্রিভুজের একটি কোণ যদি ২য় কোণের তিনগুন এবং ৩য় কোণ যদি ২য় কোণের চেয়ে ৩০ ডিগ্রী বড় হয় তবে কোণটি কত ডিগ্রী?

1)
৬০

2)
৫০

3)
৪৫

✔ 4)
৩০

**ব্যাখ্যা :** 2nd = x
1st = 3x
3rd = x + 30
According to question
x + 3x + x + 30 = 180
# 5x + 30 = 180
# 5x = 180 - 30
# 5x = 150
# x = 150/5
# x = 30

Hello BCS

61) কোথায় বাংলাদেশ, ভারত, মায়ানমারের সীমান্ত পরস্পরকে ছুঁয়েছে?

✔ 1)
রাঙ্গামাটি

2)
খাগড়াছড়ি

3)
বান্দরবান

4)
সিলেট

**ব্যাখ্যা :** বাংলাদেশ, ভারত ও মায়ানমারের সীমান্ত পরস্পরকে ছুঁয়েছে - - রাঙামাটিতে।
রাঙ্গামাটি জেলা বাংলাদেশের দক্ষিণ - পূর্বাঞ্চলে অবস্থিত চট্টগ্রাম বিভাগের একটি প্রশাসনিক অঞ্চল। এটি একটি

পার্বত্য জেলা। এ জেলার দক্ষিণে বান্দরবান জেলা, পশ্চিমে চট্টগ্রাম জেলা ও খাগড়াছড়ি জেলা, উত্তরে ভারতের ত্রিপুরা প্রদেশ এবং পূর্বে ভারতের মিজোরাম প্রদেশ ও মায়ানমারের চিন প্রদেশ অবস্থিত। এটি বাংলাদেশের একমাত্র জেলা, যার সাথে ভারত ও মায়ানমার দুটি দেশেরই আন্তর্জাতিক সীমানা রয়েছে।

62) বাংলাদেশের শেয়ারবাজার নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের নাম-

1)
বাংলাদেশ ব্যাংক

2)
অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়

3)
ডিএসই

✔ 4)
বিএসইসি

**ব্যাখ্যা :** বাংলাদেশের শেয়ার বাজার নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের নাম - - বিএসইসি।
বাংলাদেশের শেয়ার বাজার নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান নাম বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন সংক্ষেপে বিএসইসি। এটি প্রতিষ্ঠিত হয় ৮ জুন ১৯৯৩। ডিএসসি হচ্ছে ঢাকা স্টক এক্সচেঞ্জ।

Hello BCS

63) কোনটি সাংবিধানিক প্রতিষ্ঠান নয়?

1)
পাবলিক সার্ভিস কমিশন

2)
রাষ্ট্রপতির কার্যালয়

3)
নির্বাচন কমিশন

✔ 4)
বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন

**ব্যাখ্যা :** বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন সাংবিধানিক প্রতিষ্ঠান নয়।
বাংলাদেশের সাংবিধানিক প্রতিষ্ঠান গুলো হচ্ছে : নির্বাচন কমিশন, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের দপ্তর, সরকারি কর্ম কমিশন, অ্যাটর্নি জেনারেলের কার্যালয় ও রাষ্ট্রপতির কার্যালয়। অপরদিকে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন হচ্ছে বিশ্ববিদ্যালয়সমূহ নিয়ন্ত্রণকারী সং

64) অমর্ত্য সেন কোন বিষয়ে গবেষণার জন্য নোবেল পুরস্কার লাভ করেন?

1)
বৈদেশিক সাহায্যে

2)
উন্নয়নের গতি ধারা

✔ 3)
দুর্ভিক্ষ ও দারিদ্র্য

4)
ক্ষুদ্রঋণ

**ব্যাখ্যা :** অমর্ত্য সেন দুর্ভিক্ষ ও দারিদ্র বিষয়ে গবেষণা করে নোবেল পুরস্কার পান।
নোবেল বিজয়ী তিনবাঙালির একজন হচ্ছেন অর্থনীতিবীদ অমর্ত্য সেন। প্রথম বাঙালি হিসেবে নোবেল পুরস্কার লাভ করেন রবীন্দ্রনাথ ঠাকুর।

Hello BCS

65) ভবন নির্মাণের সময় কি মেনে চলা বাধ্যতামূলক?

1)
বিল্ডিং অধ্যাদেশ

✔ 2)
বিল্ডিং কোড

3)
ভবন অনুনিয়ম

4)
ভবন আইন

**ব্যাখ্যা :** ভবন নির্মাণের সময় বিল্ডিং কোড মেনে চলা বাধ্যতামূলক।
১৯৯৩ সালের ২৮শে ডিসেম্বর অনুষ্ঠিত একনেক সভায় 'বাংলাদেশ বিল্ডিং কোড ১৯৯৩' অনুমোদন করা হয়। তখন পর্যন্ত কোড বাস্তবায়নের পক্ষে কোনো আইন অথবা কোনো কর্তৃপক্ষ ছিল না। ফলে নির্মাণের সাথে যুক্ত ভবনের মালিক থেকে শুরু করে ডিজাইনার বা স্থানীয় কোনো কর্তৃপক্ষের (যথা : রাজউক) বিল্ডিং কোড অনুসরণের কোনো বাধ্যবাধকতা ছিল না। কোড থাকলেও সেটার অনুসরণ ছিল ভলান্টিয়ারি। অনেক পরে ২০০৬ সালে এসে ১৯৫২ সালের বিল্ডিং কন্সট্রাকশন অ্যাক্ট সংশোধন করে তাতে ১৮(ক) অনুচ্ছেদ যুক্ত করে 'বাংলাদেশ বিল্ডিং কোড' এর পক্ষে একটা আইনগত ভিত্তি দেয়া হয় এবং ২০০৬ সালে বিল্ডিং কোডটি যুগোপযোগী করে সংশোধন করা হয়। ১৯৫২ সালের নির্মাণ আইন সংশোধন করে বিল্ডিং কোড অনুচ্ছেদ তৈরী করা হলেও নির্মাণের সাথে যুক্ত জটিলতা নিরসনে সেটা যথেষ্ট ছিল না। ফলে বিল্ডিং কোডকে বাস্তবায়ন করবে

এবং কীভাবে করবে সেই প্রশ্নটির কোনো সুরাহা হয়নি। ২০০৬ এর মতো ২০১৫ সালের বিল্ডিং কোডেও প্রশাসনিক কাঠামোর একটা প্রস্তাবনা রাখা হয়েছে।

66) কবে থেকে দেশব্যাপী বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয়-

1)
১ এপ্রিল ১৯৯৩

✔ 2)
১ জানুয়ারি, ১৯৯৩

3)
১ ফেব্রুয়ারি, ১৯৯৩

4)
১ মার্চ, ১৯৯৩

**ব্যাখ্যা :** ১ জানুয়ারী ১৯৯৩ সাল থেকে দেশব্যাপী বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয়েছে। বাংলাদেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রাথমিকভবে ৬৮ টি উপজেলায় শুরু হয় ১ জানুয়ারি ১৯৯২। দেশব্যাপী বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয় ১ জানুয়ারি ১৯৯৩।

Hello BCS

67) 'জীবনতরী' কি?

1)
কাব্যগ্রন্থ

✔ 2)
ভাসমান হাসপাতাল

3)
সিনেমা

4)
সংগঠন

**ব্যাখ্যা :** উপকূলীয় এলাকা এবং চরাঞ্চলের মানুষের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদানের জন্য 'জীবন খেয়া' নামে একটি ভাসমান হাসপাতাল চালু হয়েছে। মঙ্গলবার (১ সেপ্টেম্বর) দুপুরে খুলনার দাকোপ উপজেলার বানীশান্ত পল্লীতে চিকিৎসা প্রদানের মাধ্যমে এ হাসপাতালের যাত্রা শুরু হয়।

68) মুক্তিযুদ্ধের ৬ নং সেক্টরের সেক্টর কমান্ডার কে ছিলেন?

1)

মেজর এম আবদুল জলিল

2)
মেজর কে এম শফিউল্লাহ

✔ 3)
উইং কমান্ডার এম কে বাশার

4)
মেজর কাজী নুরুজ্জামান

**ব্যাখ্যা :** মুক্তিযুদ্ধের ছয় নম্বর সেক্টরের সেক্টর কমান্ডার ছিলেন উইং কমান্ডার এম কে বাশার।
মোহাম্মদ খাদেমুল বাশার (জন্ম : নাটোর জেলার সিংড়া উপজেলার ছাতারদিঘি ১ সেপ্টেম্বর, ১৯৩৫ - মৃত্যু : ১ সেপ্টেম্বর ১৯৭৬) বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের একজন বীর মুক্তিযোদ্ধা। স্বাধীনতা যুদ্ধে তার সাহসিকতার জন্য বাংলাদেশ সরকার তাকে বীর উত্তম খেতাব প্রদান করে। তিনি বাংলাদেশ বিমান বাহিনীর প্রধান হিসাবে দায়িত্ব পালন করেছেন। তার পৈতিক নিবাস বগুড়ায়।
মোহাম্মদ খাদেমুল বাশার জুন মাস থেকে মুক্তিবাহিনীর ৬ নম্বর সেক্টরে অধিনায়ক হিসেবে দায়িত্ব পালন করেন। বৃহত্তর রংপুর ও বৃহত্তর দিনাজপুর জেলার অংশবিশেষ নিয়ে ছিল এ সেক্টর।

69) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ছয়দফা উত্থাপিত হয়-

✔ 1)
লাহোরে

2)
রাওয়ালপিন্ডিতে

3)
করাচিতে

4)
ঢাকায়

**ব্যাখ্যা :** বঙ্গবন্ধু শেখ মুজিব কর্তৃক ছয় দফা উত্থাপিত হয় - - লাহোরে।
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৬৬ সালের ৫ ফেব্রুয়ারি লাহোরে বিরোধী দলসমূহের জাতীয় সম্মেলনের নির্বাচনী বিষয় কমিটিতে ছয় দফা কর্মসূচি ঘোষণা করেন। এটি বাংলার মানুষের মুক্তির সনদ হিসেবে বিবেচিত।

70) 'আরব বসন্ত'  বলতে কি বুঝায়?

1)
আরব অঞ্চলে বসন্তকাল

Hello BCS

2)
আরব রাজতন্ত্র

3)
আরবীয় মহিলাদের জাগরণ

✔ 4)
আরবের বিভিন্ন দেশে গণজাগরণ

**ব্যাখ্যা :** "আরব বসন্ত" বলতে আরবের বিভিন্ন দেশে গণজাগরণকে বুঝায়।
২০১০ সালের শেষের দিকে শুরু হওয়া আরব রাষ্ট্র সমূহের জনগণের বিভিন্ন দাবিতে বিক্ষোভ ও আন্দোলন সংগঠিত হয় তাই আরব বসন্ত বা আর রবিউল আরাবী নামে বিশ্বব্যাপী পরিচিত।

71) FIFA প্রতিষ্ঠিত হয়-

1)
১৯২৪ সালে

2)
১৯১৪ সালে

3)
১৯০১ সালে

✔ 4)
১৯০৪ সালে

Hello BCS

**ব্যাখ্যা :** FIFA প্রতিষ্ঠিত হয় ১৯০৪ সালে।
ফ্রান্সের রাজধানী প্যারিসে ১৯০৪ সালের ২১ মে ফিফা প্রতিষ্ঠিত হয়। ফিফার বর্তমান সদস্য সংস্থা ২১১ টি। সর্বশেষ সদস্য দেশ জিব্রাল্টার ১৩ মে ২০১৬

72) বারাক ওবামা যুক্তরাষ্ট্রের কততম প্রেসিডেন্ট?

✔ 1)
৪৪তম

2)
৪৫তম

3)
৪২তম

4)

৪৩তম

**ব্যাখ্যা :** বারাক ওবামা (জন্ম ৪ঠা আগস্ট, ১৯৬১) একজন মার্কিন রাজনীতিবিদ এবং আইনজীবী যিনি ২০০৯ থেকে ২০17 পর্যন্ত মার্কিন যুক্তরাষ্ট্রের ৪৪ তম রাষ্ট্রপতি হিসাবে দায়িত্ব পালন করেছিলেন।

73) 'রয়টার্স' কি?

✔ 1)
সংবাদ সংস্থা

2)
একটি পত্রিকা

3)
বেতার সংস্থা

4)
ক্লাব

**ব্যাখ্যা :** ”রয়টার্স” হল একটি সংবাদ সংস্থা।
রয়টার্স লন্ডন ভিত্তিক আন্তর্জাতিক সংবাদ সংস্থা। এটি ১৮৫১ সালে প্রতিষ্ঠিত হয়। বর্তমানে এর সদর দপ্তর মার্কিন যুক্তরাষ্ট্রের নিউ ইর্য়ক শহরে অবস্থিত। এটি থমসন রয়টার্সের একটি বিভাগীয় প্রতিষ্ঠান। সারা বিশ্বে ২০০টি স্থানে এর দপ্তর রয়েছে। ২০০৮ সাল পর্যন্ত রয়টার্স সংবাদ সংস্থা স্বাধীন কোম্পানি রয়টারস গ্রুপ পিএলসির অংশ হিসেবে প্রতিষ্ঠিত হয় এবং পুঁজি বাজারের তথ্য প্রদান করে। ২০০৮ সালে থমসন করপোরেশন রয়টার্স গ্রুপকে কিনে নেওয়ার পর রয়টার্স সংবাদ সংস্থা থমসন রয়টার্সের অংশ হয় এবং মিডিয়া বিভাগ সৃষ্টি করে। রয়টার্স ইংরেজি, ফরাসি, জার্মান, ইতালীয়, স্পেনীয়, পর্তুগিজ, রুশ, উর্দু, আরবি, জাপানি, কোরীয় ও চীনা ভাষায় সংবাদ পরিবেশন করে।

74) দ্বিতীয় বিশ্বযুদ্ধে পার্ল হারবারে আক্রমণ করেছিল কোন দেশ?

1)
রাশিয়া

2)
ইতালি

3)
জার্মানি

✔ 4)
জাপান

Hello BCS

**ব্যাখ্যা :** দ্বিতীয় বিশ্বযুদ্ধে পার্ল হারবার আক্রমণ করেছিল জাপান।
দ্বিতীয় বিশ্বযুদ্ধে অংশগ্রহণকারী জাপান - জার্মানি ও ইতালি শক্তিকে একত্রে অক্ষশক্তি বলা হয়। জাপান ১৯৪১ সালের ৭ ডিসেম্বর পার্ল হারবারে অবস্থিত মার্কিন নৌঘাঁটি আক্রমণ করে। এজন্য ১৯৪১ সালের ১ ডিসেম্বর মার্কিন যুক্তরাষ্ট্র সরাসরি দ্বিতীয় বিশ্ব যুদ্ধে অংশগ্রহণ করে।

75) Who is the author of 'India Wins Freedom'?

1)
Mahatma Gandhi

2)
J.L Nehru

✔ 3)
Abul Kalam Azad

4)
Moulana Akram Khan

**ব্যাখ্যা :** the author of "India Wins Freedom" is - Abul Kalam Azad.
'India wins freedom' বইটির লেখক মাওলানা আবুল কালাম আজাদ। বইটি ভারতের স্বাধীনতার সংগ্রাম বিষয়ক। তিনি ১৮৮৮ সালের ১১ নভেম্বর সৌদি আরবের মক্কায় জন্মগ্রহণ করেন এবং ১৯৫৮ সালের ২২ ফেব্রুয়ারি মারা যান।

Hello BCS

76) জুলিও কুরি একজন বিশ্ববিখ্যাত -

1)
কবি

✔ 2)
বৈজ্ঞানিক

3)
শিল্পী

4)
সাহিত্যিক

**ব্যাখ্যা :** জুলিও কুরী একজন বিশ্ববিখ্যাত - - বৈজ্ঞানিক।
জঁ ফ্রেদেরিক জোলিও - কুরি (জন্ম : ১৯ মার্চ, ১৯০০ - মৃত্যু : ১৪ আগস্ট, ১৯৫৮) ছিলেন বিখ্যাত ফরাসী পদার্থবিশারদ। তিনি এবং তার স্ত্রী ইরিন জোলিও - কুরি যৌথভাবে কৃত্রিম তেজস্ক্রিয় পদার্থ আবিস্কারের ফলে রসায়নশাস্ত্রে নোবেল পুরস্কার লাভ করেন। কুরি দম্পতির এ সাফল্যে অদ্যাবধি সফলতম নোবেল বিজয়ী পরিবারে আসীন রয়েছে। [১] জন্মকালীন সময়ে তার নাম ছিল জঁ ফ্রেদেরিক জোলিও।

77) কোন গ্রহের তাপমাত্রা তুলনামূলক বেশি?

1)
পৃথিবী

2)
মঙ্গল

3)
বুধ

✔ 4)
শুক্র

**ব্যাখ্যা :** শুক্র গ্রহের তাপমাত্রা তুলনামূলকভাবে অধিক।
পৃথিবীর নিকটতম গ্রহ শুক্র। শুক্রের মেঘাচ্ছন্ন বায়ুমণ্ডল প্রধানত কার্বন - ডাই - অক্সাইডের তৈরি করে। এটি সৌরজগতের সবচেয়ে উজ্জ্বলতম ও সবচেয়ে উত্তপ্ত গ্রহ। পৃথিবী সূর্যের দ্বিতীয় নিকটতম গ্রহ।

78) এইচ.আইভি (HIV) কি?

1)
সায়ানো ব্যাকটেরিয়া

✔ 2)
ভাইরাস

3)
ব্যাকটেরিয়া

4)
ছত্রাক

**ব্যাখ্যা :** এইচ. আই. ভি হল একটি ভাইরাস।
HIV (এইচ. আই. ভি) এর পূর্ণরূপ হল : Human Immunodeficiency Virus। অর্থাৎ hiv - 1 ধরনের ভাইরাস। শরীরে এইচআইভি ভাইরাস পজিটিভ হলে এইডস রোগ হয়।

Hello BCS

79) প্রাণী জগতের উৎপত্তি ও বংশ সম্বন্ধীয় বিদ্যাকে বলে ____

1)
জুওলজী

2)
বায়োলজি

3)
ইভোলিউশন

✔ 4)
জেনেটিক্স

**ব্যাখ্যা :** জীববিজ্ঞানের যে শাখায় বংশগতির রীতি নীতি অর্থাৎ বংশানুক্রমিক গুণাবলীর উৎপত্তি, প্রকৃতি, বৃদ্ধির সময় ও আচরণ সম্পর্কে আলোচিত হয়, সে শাখাকে বংশগতি বিদ্যা বা জীনতত্ত্ব (জেনেটিক্স) বলে।
'ইভোলিউশন' অর্থ অভিব্যক্তি বা বিবর্তন। এ শাখায় বিভিন্ন প্রাণীর উৎপত্তি, ধারাবাহিক পরিবর্তন বিকাশ সম্বন্ধে আলোচনা করা হয়।

80) 'DOT MATRIX' হচ্ছে এক ধরনের -

1)
Software

✔ 2)
Printer

3)
Scanner

4)
Operating System

**ব্যাখ্যা :** ডট-ম্যাট্রিক্স প্রিন্টার হল এক ধরনের কম্পিউটার প্রিন্টিং যাতে একটি পৃষ্ঠে কালি প্রয়োগ করা হয় এবং বিন্যাসের জন্য একটি কম-রেজোলিউশন ডট ম্যাট্রিক্স ব্যবহার করা হয়। একে ইমপ্যাক্ট প্রিন্টারও বলা হয়।

Hello BCS

---